



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২২১১

তারিখঃ ০৭/১২/২০১৫ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬১ তম কমিশন সভা অদ্য ০৭/১২/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :


১. Dragon Sweater & Spinning Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ৪.০০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৪০.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে মেশিন ক্রয়, বিল্ডিং ও সিভিল কনস্ট্রাকশন, স্পয়ার পার্টস ক্রয়, চলতি মূলধন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির বিগত ৫ বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ১.৩৩ (weighted average) এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৮.৭৯ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Swadesh Investment Management Limited।
২. আজকের সভায় ACME Laboratories Limited -কে বুক বিল্ডিং পদ্ধতিতে ৫.০০ কোটি সাধারণ শেয়ার Eligible Institutional Investors এর অংশগ্রহণের মাধ্যমে বিডিং এর জন্য অনুমোদন দেয়া হয়েছে। ACME Laboratories Limited এর ৩০শে জুন ২০১৪ সালে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ৫.৬৫ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৬৬.১৬ টাকা। ACME Laboratories Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Ltd. এবং Registrar to the Issue হল Prime Finance Capital Management Ltd.। বিডিং এর মাধ্যমে ইস্যু মূল্য নির্ধারণ পরবর্তীতে প্রসপেক্টাস অনুমোদনের প্রক্রিয়া শুরু হবে। কোম্পানীটি পুঁজি উত্তোলন করে ৩টি নতুন প্রকল্প বাস্তবায়ন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ নির্বাহ করবে।
৩. কমিশন অদ্যকার সভায় বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড “Peninsula AMCL BDBL Unit Unit Fund One” এর প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। উক্ত ফান্ডের সাইজ ১০ কোটি টাকা যার মধ্যে পাবলিক অফারের জন্য ৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। ফান্ডটির স্পন্সর বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসাবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক হিসাবে কাজ করছে পেনিনসুলা এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ। ফান্ডটি গঠিত হলে ফান্ডের ইউনিটগুলি সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিঃ -এ অজড় (demat) হিসাবে রক্ষিত থাকবে এবং অজড়ভাবে (demat form) হস্তান্তর হবে।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৪. কমিশন সভায় Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2006 এর পরিবর্তে নতুন Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর খসড়া অনুমোদন করেছে যা জনমত জরিপ এর জন্য শীঘ্রই দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। এই বিধিমালার উল্লেখযোগ্য বিষয়বস্তু (main features) এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।
৫. এছাড়াও কমিশন অধ্যকার সভায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ - এর অন্যান্যের মধ্যে কিছু সংশোধনীর খসড়া অনুমোদন করেছে। যা জনমত জরিপ এর জন্য দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। এই বিধিমালার উল্লেখযোগ্য সংশোধনী (main amendments) এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।


০৭/১২/২০১৫

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।

Main features of BSEC (Public Issue) Rules, 2015

- Public issue shall be made on any of the following methods:
 - (a) fixed price method, when offered at par value; or
 - (b) book-building method, when offered above par value.
- To participate in bidding under book-building process, eligible investors shall be the following institutions who have business operation/investment in Bangladesh:
 - (a) Merchant Bankers and Portfolio Managers;
 - (b) Asset Management Companies;
 - (c) Mutual Funds;
 - (d) Stock Dealers;
 - (e) Banks;
 - (f) Financial Institutions;
 - (g) Insurance Companies;
 - (h) Alternative Investment Fund Managers;
 - (i) Alternative Investment Funds;
 - (j) Foreign Investors who have portfolio investments in capital market of Bangladesh through any Securities Custodian registered with the Commission;
 - (k) Recognized Pension Funds and Provident Funds; and
 - (l) Other Institutions as approved by the Commission
- There shall be quota for each category
- Increased disclosure and due diligence requirements.
- Lock-in for alternative investment funds reduced to 1 year
- Book-building process:
 - (a) Conducting road show
 - (b) Finalization of red-herring prospectus on the basis of comments and observations of the EIs participated in the road show and submission of application to the Commission and the exchanges
 - (c) Red-herring prospectus shall contain all the information pertaining to the issuer and the issue including the total amount to be raised through the public issue, but not include the issue price and the number of securities to be offered
 - (d) Consent for bidding to determine the cut-off price
 - (e) Electronic bidding by eligible investors
 - (f) Cut-off price will be determined at nearest integer of the lowest bid price at which the total securities offered to eligible investors would be exhausted
 - (g) Eligible investors shall be allotted security on pro-rata basis within their category-wise quota at the cut-off price
 - (h) Securities shall be offered to general public for subscription at an issue price to be fixed at 10% discount (at nearest integer) from the cut-off price

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১-এর সংশোধনীর উল্লেখযোগ্য বিষয়বস্তু:

১. ক) পুঁজিবাজার বহিষ্ঠূত যে বিনিয়োগসীমা নির্ধারিত রয়েছে তার সর্বোচ্চ অর্ধেক পরিমাণ অর্থ স্থায়ী আমানতে বিনিয়োগ করতে পারবে (অর্থ ফান্ড সাইজের সর্বোচ্চ ২০% পর্যন্ত স্থায়ী আমানতে বিনিয়োগ করতে পারবে)।
খ) প্রতিটি ফান্ড পুঁজিবাজার ও পুঁজিবাজার বহিষ্ঠূত বিনিয়োগ পত্র কোষ প্রতিবেদন মাসিক ভিত্তিতে নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করবে।
২. লভ্যাংশ বিতরণ পদ্ধতি:
ক) ফান্ড হতে কখন লভ্যাংশ (Dividend) হিসেবে পুনর্বিনিয়োগ (Re-investment) দিতে পারবে তা নির্দিষ্ট করে দেওয়া হবে;
খ) প্রতিশ্রুতির ঘাটতি না থাকলে অল্পবর্তীকালীন লভ্যাংশ প্রদানের সুযোগ দেয়া হবে।
৩. সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১-এর বিধি ৬১(৪) বিলুপ্ত করে ইউনিটের বিক্রয়মূল্য ও পুনঃক্রয়মূল্যের মধ্যকার পার্থক্য ৩%-৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখা হবে।
৪. মেয়াদী ফান্ডের মেয়াদ সর্বমোট ১০ বছরের বেশি হবে না। মেয়াদ বর্ধন অথবা রূপান্তরের ক্ষেত্রে অবশ্যই ব্যালট পেপারের মাধ্যমে ভোট গ্রহণ হবে এবং ইউনিট ভিত্তিক ভোট গণনা করা হবে।
৫. বিনিয়োগকারীর জন্য সংশ্লিষ্ট ফান্ডের পরিপূর্ণ তথ্য প্রকাশ করার বাধ্যবাধকতার শর্ত সংযুক্ত করা হবে। ইউনিট ভিত্তিক নীট সম্পদ মূল্য (NAV) এখন থেকে সপ্তাহের পরিবর্তে দৈনিক ভিত্তিতে হবে।
৬. প্রতি দুই বছর অল্প অল্প প্রত্যেক মিউচুয়াল ফান্ড সাধারণ সভার আয়োজন করবে। সাধারণ সভায় ফান্ডের পারফরমেন্সসহ ফান্ড সংশ্লিষ্ট পক্ষগুলোর পারফরমেন্স নিয়েও আলোচনা হবে এবং প্রয়োজনে পক্ষগুলোর পরিবর্তন করার ব্যাপারে ইউনিট হোল্ডারগণের সিদ্ধান্তগ্রহণের সুযোগ থাকবে।
৭. সম্পদ ব্যবস্থাপক কোম্পানী ও ট্রাস্টির ফি কাঠামো পরিবর্তন করা হবে। সম্পদ ব্যবস্থাপক কোম্পানী ডিভিডেন্ড প্রদানে ব্যর্থ হলে প্রাপ্য ফি কর্তনের ব্যবস্থা অল্পবর্তীকালীন করা হবে। একইভাবে সম্পদ ব্যবস্থাপক কোম্পানী নির্দিষ্ট হারের উপর নগদ লভ্যাংশ প্রদান করতে পারলে নির্দিষ্ট হারে পারফরমেন্স বোনাস ফি প্রাপ্য হবে।
৮. সকল বে-মেয়াদী ফান্ডকে ডিম্যাট আকারে পরিবর্তন করতে হবে। এছাড়াও স্টক এক্সচেঞ্জগুলোতে বে-মেয়াদী ফান্ডের স্বতন্ত্র ট্রেডিং প্যাটফর্ম চালু করতে হবে।
৯. মেয়াদী ফান্ড বিশেষ অবস্থায় একটি নির্দিষ্ট সীমার মধ্যে ইউনিট বাই-ব্যাক (Buy-back) করতে পারবে।
১০. সঞ্চিতি নির্ধারণ ও সম্পদ মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে সুনির্দিষ্ট পন্থা প্রণয়ন করা হবে।
১১. একই প্রতিষ্ঠান মিউচুয়াল ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হতে পারবে না।
১২. সম্পদ ব্যবস্থাপক কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে হতে হবে।
১৩. নিবন্ধনের যোগ্যতা হিসেবে সম্পদ ব্যবস্থাপক কোম্পানীর ১০ কোটি টাকার পরিশোধিত মূলধন থাকতে হবে।